# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: গণিত**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | সপ্তম অধ্যায়:<br><br>ব্যবহারিক জ্যামিতি | • ত্রিভুজ অঙ্কন<br>• চতুর্ভুজ অঙ্কন | একটি কাঠের বাক্সের দৈর্ঘ্য $= 30$ সে.মি. এবং প্রস্থ $= 16$ সে.মি. হলে,<br><br>**নিচের প্রশ্নগুলোর সমাধান কর।**<br><br>১. কাঠের বাক্সের দৈর্ঘ্যের $\frac{1}{3}$ অংশের সমান পরিসীমা বিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ আঁক। (অঙ্কনের চিহ্ন আবশ্যক)<br>২. একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন কর যার, অতিভুজ কাঠের বাক্সের দৈর্ঘ্যের $\frac{1}{6}$ অংশ এবং ভূমি, কাঠের বাক্সের প্রস্থের $\frac{1}{4}$ অংশের সমান। (অঙ্কনের চিহ্ন আবশ্যক)<br>৩. একটি বর্গক্ষেত্র অঙ্কন কর যার প্রত্যেক বাহুর দৈর্ঘ্য কাঠের বাক্সের প্রস্থের $\frac{1}{4}$ অংশের সমান।(অঙ্কনের চিহ্ন আবশ্যক)<br>৪. কোনো চতুর্ভুজের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে কাঠের বাক্সের দৈর্ঘ্যের $\frac{1}{5}$ অংশ এবং প্রস্থের $\frac{1}{4}$ অংশের সমান হলে, চতুর্ভুজটি অঙ্কন কর।(অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) | • পরিসীমাকে তিনভাগে বিভক্ত করে, পরিসীমার $\frac{1}{3}$ অংশের সমান করে সমবাহু ত্রিভুজটি আঁকবে।<br>• কাঠের বাক্সের দৈর্ঘ্য ও প্রস্থ এর নির্ধারিত খন্ডাংশ সঠিকভাবে নির্ণয় করবে।<br>• অঙ্কনের ধারাবাহিক বিবরণ দিবে। | • সঠিক প্রক্রিয়ায় পরিসীমা বিভক্ত হওয়া।<br>• কাঠের বাক্সের দৈর্ঘ্য ও প্রস্থ এর নির্ধারিত খন্ডাংশ নির্ণয়ের সঠিকতা।<br>• চিত্র অঙ্কনের নির্ভুলতা।<br>• অঙ্কনের সঠিক বর্ণনা । |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:** শরীআত এর উৎস | • অর্থ ও পটভূমিসহ (শানে নুযূল) কুরআনের কতিপয় সূরা:<br>- সূরা আশ শামস্ | "সৎকর্মে সফলতা ও অসৎ কর্মে ব্যর্থতা"-এর নিরংকুশ সর্বজনীনতা দিয়েছে ইসলাম। এর স্বপক্ষে তোমার পাঠ্য বইয়ের আলোকে যৌক্তিকতা নিরূপন কর। | • পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট আয়াত ও সুরার উপর পর্যাপ্ত ধারণা অর্জন করা<br>• প্রয়োজনে বাবা-মা/ অভিভাবকের সহযোগিতা নেয়া<br>•সম্ভব হলে স্থানীয় জামে মসজিদের ইমাম বা খতিব মহোদয়ের সহযোগিতা নেয়া<br>• মোবাইল বা যে কোনো ভার্চুয়াল মিডিয়ার সাহায্যে বিষয় শিক্ষকের শরণাপন্ন হওয়া<br>• ইন্টারনেটের সাহায্য নেয়া<br>• স্বহস্তে নিবন্ধটি লিপিবদ্ধ করা | **অতি উত্তম:**<br>• উদ্ধৃতির সাথে পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট বিষয় চিহ্নিত করা<br>•উদ্ধৃত বিষয়ের উপর ইসলামের সুমহান নীতি ও নৈতিকতা তুলে ধরা<br>• এক্ষেত্রে পাঠ্য বইয়ের আলোকে আল কুরআন ও সুন্নাহর পর্যাপ্ত দলিল উপস্থাপন<br>•পাঠ্য বইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের যথার্থ ব্যাখ্যা প্রদান<br>• উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>• উদ্ধৃতির সাথে পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট বিষয় চিহ্নিত করা<br>• উদ্ধৃত বিষয়ের উপর ইসলামের সুমহান নীতি ও নৈতিকতা তুলে ধরা<br>• এক্ষেত্রে পাঠ্য বইয়ের আলোকে আল কুরআন ও সুন্নাহর কতিপয় দলিল প্রদান<br>• পাঠ্য বইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের মোটামুটি ব্যাখ্যা প্রদান<br>• বিষয় জ্ঞানে ধারাবাহিকতা থাকলেও নিজস্বতা ও সৃজনশীলতা লক্ষণীয় মাত্রা অর্জিত না হওয়া<br>**ভালো:**<br>• উদ্ধৃতির সাথে পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট বিষয় চিহ্নিত করা<br>• এক্ষেত্রে পাঠ্য বইয়ের আলোকে আল কুরআন ও সুন্নাহর কিছু দলিল সংযুক্ত করা<br>•পাঠ্য বইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের সংক্ষিপ্ত ব্যাখ্যা প্রদান<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• উদ্ধৃতির সাথে পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট বিষয় চিহ্নিত করা<br>• এক্ষেত্রে পাঠ্য বইয়ের আলোকে আল কুরআন ও সুন্নাহর কোনো দলিল সংযুক্ত না করা<br>• পাঠ্য বইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের কাঙ্খিত ব্যাখ্যা ও এর ধারাবাহিকতা না থাকা<br>• নিজস্বতা ও সৃজনশীলতার অনুপস্থিতি |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **দ্বিতীয় অধ্যায় :** হিন্দুধর্মের বিশ্বাস, উৎপত্তি ও ক্রমবিকাশ<br>**পরিচ্ছেদ ২.২:** হিন্দুধর্মের উৎপত্তি ও ক্রমবিকাশ | পাঠ-১ : হিন্দুধর্মের উৎপত্তি ও ক্রমবিকাশ,বৈদিক যুগ<br>পাঠ-২: স্মৃতিশাস্ত্র বা ধর্মশাস্ত্র,পৌরাণিক যুগ<br>পাঠ-৩ আধুনিক ধর্ম সংস্কারের যুগ: বাংলাদেশে হিন্দুধর্ম (সনাতন ধর্ম) প্রচার ও বিকাশে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের (যেমন-রামকৃষ্ণ মঠ ও মিশন, আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ (ইসকন), সৎসঙ্গ, মতুয়া সম্প্রদায়, মহানাম সম্প্রদায় (জগদ্বন্ধু<br>মহাপ্রকাশ মঠ), প্রণবানন্দ প্রতিষ্ঠিত<br>ভারত সেবাশ্রম, লোকনাথ সেবক<br>সংঘ, অখণ্ডমন্ডলী ও অন্যান্য ভূমিকা | ঊনবিংশ শতকে হিন্দুধর্ম বিকাশে অবদান স্থাপনকারী মহাপুরুষদের উপর একটি পোস্টার তৈরি কর।<br>সংকেত:<br>১. মহাপুরুষদের নাম<br>২. তাঁদের অবদান ও স্থাপিত আশ্রমের কার্যক্রম<br>৩. সমাজ কল্যাণে উক্ত আশ্রমগুলোর ভূমিকা<br>৪. আশ্রমের সাথে নিজের সম্পৃক্ততা | ১. পাঠ্যবই,অন্যান্য সহায়ক বই এবং বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে।<br>২. প্রাসঙ্গিক ছবি ব্যবহার করা যেতে পারে।<br>৩. পরিবারের সদস্য সম্ভব হলে শিক্ষক বা প্রতিবেশীর থেকে সাহায্য গ্রহন করা যেতে পারে।<br>৪. আশ্রমের ভূমিকা ও আশ্রমের সাথে নিজের সম্পৃক্ততা বুলেট পয়েন্টে লিখতে হবে।<br>৫. পাঠ্যপুস্তকে বর্ণিত আশ্রমের সাথে সম্পৃক্ততা না থাকলে নিজ এলাকায় প্রতিষ্ঠিত আশ্রম বা মঠের সাথে নিজের সম্পৃক্ততা উল্লেখ করা যাবে। | **অতি উত্তম: শিক্ষার্থী**<br>১. অন্তত ৫ জন মহাপুরুষের নাম ও ছবি নির্ভুলভাবে উপস্থাপন করেছে।<br>২. ৫ জনের অবদান নির্ভুলভাবে লিখতে পেরেছে।<br>৩. তাঁদের স্থাপিত আশ্রমগুলোর কার্যক্রম কীভাবে সমাজকে উপকৃত করেছে তার ব্যাখ্যা দিয়েছে।<br>৪. উপস্থাপন শৈলী খুবই আর্কষণীয়: আশ্রম ও মহাপুরুষের ছবি হাতে এঁকেছে বা সংগ্রহ করে ব্যবহার করেছে। ছবিগুলি রঙ্গিন ও স্পষ্ট।<br>৫. আশ্রমগুলোর সাথে নিজের সম্পৃক্ততা বর্ণনা করেছে।<br>**উত্তম: শিক্ষার্থী**<br>১. অন্তত ৩ জন মহাপুরুষের নাম ও ছবি নির্ভুলভাবে উপস্থাপন করতে পেরেছে।<br>২. অন্তত ৩ জনের অবদান পরিচ্ছন্নভাবে লিখতে পেরেছে।<br>৩. তাঁদের স্থাপিত আশ্রমগুলোর কার্যক্রম কীভাবে সমাজকে উপকৃত করেছে তার ব্যাখ্যা দিয়েছে।<br>৪. উপস্থাপন শৈলী আর্কষণীয়: আশ্রম ও মহাপুরুষের ছবি হাতে এঁকেছে বা সংগ্রহ করে ব্যবহার করেছে। ছবি স্পষ্ট।<br>৫. আশ্রমগুলোর সাথে নিজের সম্পৃক্ততা বর্ণনা করেছে তবে লেখার ভিতরে কিছু ভুল ত্রুটি লক্ষ্যণীয়।<br>**ভালো: শিক্ষার্থী**<br>১. অন্তত ২জন মহাপুরুষের নাম ও ছবি নির্ভুলভাবে উপস্থাপন করেছে।<br>২. ২জনের অবদান পরিচ্ছন্নভাবে লিখতে পেরেছে।<br>৩. তাঁদের স্থাপিত আশ্রমগুলোর কার্যক্রম কীভাবে সমাজকে উপকৃত করেছে তার আংশিক বর্ণনা দিয়েছে।<br>৪. আশ্রম ও মহাপুরুষের ছবি সংগ্রহ করে ব্যবহার করেছে। ছবি স্পষ্ট।<br>৫. আশ্রমগুলোর সাথে নিজের সম্পৃক্ততা বর্ণনা করা হয়নি।<br>**অগ্রগতি প্রয়োজন: শিক্ষার্থী**<br>১. অন্তত ২জন মহাপুরুষের নাম ও ছবি নির্ভুলভাবে উপস্থাপন করেছে।<br>২. ২ জনের অবদান পরিচ্ছন্নভাবে লিখতে পারলেও যথাযথ তথ্যের অভাব পরিলক্ষিত হয়েছে।<br>৩. স্থাপিত আশ্রমগুলোর কার্যক্রম তথ্যভিত্তিক নয়।<br>৪. উপস্থাপন শৈলী আর্কষণীয় নয়: ছবির ব্যবহার অনুপস্থিত।<br>৫. আশ্রমগুলোর সাথে নিজের সম্পৃক্ততা বর্ণনা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: বুদ্ধ ও বোধিসত্ত্ব | • বুদ্ধ ও বোধিসত্ত্বের পরিচয়<br>• বুদ্ধের গুণাবলি<br>• বুদ্ধের প্রকারভেদ<br>• বোধিসত্ত্বের গুণাবলি<br>• বোধিসত্ত্বের প্রকারভেদ<br>• বুদ্ধ ও বোধিসত্ত্বের পার্থক্য | গৌতম বুদ্ধের বোধিসত্ত্ব জীবনের গুণসমূহ তোমার জীবনের কীভাবে প্রয়োগ করতে পারো সে সম্পর্কে 'আমার জীবনে বোধিসত্ত্বের প্রভাব' শিরোনামে একটি প্রবন্ধ (৩০০ শব্দ) লিখ-<br>**সংকেত:**<br>১। বোধিসত্ত্ব পরিচিতি<br>২। বোধিসত্ত্বের গুণাবলী<br>৩। গৌতম বুদ্ধের জীবনের ঘটনাসমূহ<br>৪। গৌতম বুদ্ধের পূর্ব জন্মেও ঘটনাসমূহ | ১। জাতক কাহিনী ও গৌতম বুদ্ধের ঘটনাসমূহ থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে।<br>২। প্রয়োজনে নিজের পাঠ্যপুস্তক ব্যতীত অন্য সহায়ক পুস্তকের (পূর্বের শ্রেণির) সাহায্য নেয়া যেতে পারে। | **অতি উত্তম:**<br>১। তত্ত্ব, তথ্য ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে পরিপূর্ণভাবে সঙ্গতিপূর্ণ<br>২। পরিপূর্ণ মাত্রায় বিষয়বস্তুর ধারাবাহিকতা<br>৩। উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। লক্ষণীয় মাত্রায় নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৫। সার্থক বাক্যের যথাযথ প্রয়োগ<br>**উত্তম:**<br>১। তত্ত্ব, তথ্য ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে পরিপূর্ণভাবে সঙ্গতিপূর্ণ<br>২। পরিপূর্ণ মাত্রায় বিষয়বস্তুর ধারাবাহিকতা<br>৩। উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। লক্ষণীয় মাত্রায় নান্দনিকতা ও বৈচিত্র্য ঘাটতি<br>৫। সার্থক বাক্য ব্যবহারের ঘাটতি<br>**ভালো:**<br>১। তত্ত্ব, তথ্য ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণতায় ঘাটতি<br>২। বিষয়বস্তুর সাথে আংশিক ধারাবাহিকতা<br>৩। উপস্থাপনায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। সামান্য মাত্রায় নান্দনিকতা ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৫। সার্থক বাক্য ব্যবহারের ঘাটতি<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। তত্ত্ব, তথ্য ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণতার অভাব<br>২। বিষয়বস্তুর ধারাবাহিকতার অভাব<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনার অভাব<br>৫। সার্থক বাক্য ব্যবহারের অভাব |